

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*

স-৩৭০৬

আগরতলা, ১১ ফেব্রুয়ারী, ২০১৮

পোস্টাল ব্যালটে ভোট দান চলছে

আসন্ন বিধানসভা নির্বাচনে পোস্টাল ব্যালটে ভোট গ্রহণ পর্ব গতকাল থেকে শুরু হয়েছে। গতকাল ১৪ হাজার ৮০৫ জন নিরাপত্তারক্ষী পোস্টাল ব্যালটে তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন। আজ সন্ধ্যায় রাজ্য নির্বাচন দপ্তরে মুখ্য নির্বাচন আধিকারিক শ্রীরাম তরনীকান্তি এই তথ্য জানান।

মুখ্য নির্বাচন আধিকারিক জানান, নিরাপত্তারক্ষী, ভোট কর্মীদের পোস্টাল ব্যালটে ভোটদান গতকাল থেকে শুরু হয়েছে। আগামী ১৪ ফেব্রুয়ারী পর্যন্ত ভোটগ্রহণ চলবে। তিনি জানান, অবাধ শান্তিপূর্ণ নির্বাচনের জন্য সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সব ভোটার যেন তাদের ভোটাধিকার প্রয়োগ করেন।

\*\*\*\*